

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 03-12-2025
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

CM :

ত্রিপুরায় স্বাস্থ্যশিক্ষার বিস্তারে বড় পদক্ষেপ হিসেবে কেন্দ্রীয় সরকার আয়ুষ মন্ত্রকের মাধ্যমে আয়ুর্বেদ মেডিকেল কলেজ এবং হোমিওপ্যাথি মেডিকেল কলেজ স্থাপনের জন্য মোট ১৪০ কোটি টাকা মঞ্জুর করেছে। গতকাল সামাজিক মাধ্যমে এখন জানিয়ে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেন, নতুন দু'টি মেডিকেল কলেজ আগামী শিক্ষাবর্ষ থেকেই চালু করার লক্ষ্যে উচ্চপর্যায়ের বৈঠক হয়েছে। ত্রিপুরার উন্নত স্বাস্থ্যসেবা ও শিক্ষাক্ষেত্রে এই উদ্যোগকে ঐতিহাসিক উল্লেখ করে, এর জন্য মুখ্যমন্ত্রী প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জে.পি নাড্ডা এবং আয়ুষ মন্ত্রী প্রতাপরাও যাদব-এর প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেছেন।

Agriculture Minister :

কৃষিমন্ত্রী রতন লাল নাথ কৃষিক্ষেত্রে আত্মনির্ভরতা অর্জনের উপর গুরুত্ব আরোপ করেছেন। গতকাল মোহনপুরে কৃষকদের হাতে বিভিন্ন আধুনিক কৃষিযন্ত্রপাতি, চারা গাছ এবং স্প্রে মেশিন বিতরণ অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি একথা বলেন। কৃষিমন্ত্রী মোহনপুর কৃষি মহকুমা এলাকার কৃষকদের হাতে কুফরি হিমালিন জাতের আলুর বীজ তুলে দেন। পাশাপাশি ব্লক লেভেল ফার্মার অ্যাওয়ার্ড, কৃষক বন্ধু এপয়েন্টমেন্ট দেওয়া হয়।

PMO Renamed Sewa Tirtha:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল প্রধানমন্ত্রীর কার্যালয়ের নাম পরিবর্তন করে সেবা তীর্থ রেখেছেন। সোশ্যাল মিডিয়ায় একটি পোস্টে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ জানান রাজভবন এবং রাজ নিবাসের নাম পরিবর্তন করে লোকভবন এবং লোকনিবাস করা হচ্ছে। তিনি একে উন্নত ও উন্নত ভারত গঠনের দিকে জাতির যাত্রায় একটি গুরুত্বপূর্ণ মাইলফলক হিসাবে বর্ণনা করেছেন, যেখানে সেবা এবং স্মৃশাসনকে প্রধান অগ্রাধিকার দেওয়া হয়।

Disable Day:

আজ বিশ্ব দিব্যঙ্ক দিবস। ১৯৯২ সালে রাষ্ট্র সংঘ প্রথম দিব্যঙ্ক জনদের প্রতি সম্মান ও তাদের সমস্যার প্রতি গুরুত্ব দিতে International Day of Person with Disabilities বা দিব্যঙ্ক দিবস পালনের উদ্যোগ নেয়া। রাজ্যেও এই দিবসটি পালনে নানা কর্মসূচি নেওয়া হয়।

Kiren Rijju:

রাষ্ট্রীয় সঙ্গীত বন্দেমাতরমের ১৫০ তম বর্ষ উদযাপন এবং নির্বাচন প্রক্রিয়া সংস্কার উপর আগামী সপ্তাহে লোকসভায় বিশেষ আলোচনা অনুষ্ঠিত হবে। সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু জানান, লোকসভার অধ্যক্ষ ওম বিড়লার পৌরহিত্যে সর্বদলীয় বৈঠকে এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়। বন্দেমাতরম এর উপর আগামী ৮ই ডিসেম্বর এবং নির্বাচনী সংস্কার বিষয়ে আগামী ৯ই ডিসেম্বর আলোচনা অনুষ্ঠিত হবে।

MGNREGA :

কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেছেন যে মহাত্মা গান্ধী জাতীয় গ্রামীণ কর্মসংস্থান গ্যারান্টি প্রকল্প, MGNREGA-র অধীনে সরকার চলতি অর্থবছরে রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলগুলিকে ৬৮ হাজার ৩৯৩ কোটি টাকারও বেশি দিয়েছে লোকসভায় এক লিখিত জবাবে মন্ত্রী জানান, এই তথ্য।

PMFBY :

প্রধানমন্ত্রী ফসল বীমা योजना, পুনর্গঠিত আবহাওয়া ভিত্তিক ফসল বীমা योजना এবং কিশাণ ক্রেডিট কার্ড-এর ওপর দু'দিনব্যাপী কর্মশালা গতকাল অরুন্ধুতি নগরে ত্রিপুরা স্টেট এগ্রিকালচারাল ম্যানেজমেন্ট অ্যান্ড এক্সটেনশন ট্রেনিং ইনস্টিটিউট-এ শেষ হয়েছে। কর্মসূচিটি টি-স্মার্ট-র উদ্যোগে, হায়দ্রাবাদের জাতীয় কৃষি সম্প্রসারণ ব্যবস্থাপনা সংস্থা এবং কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রকের ফসল বীমা বিভাগের সহযোগিতায় আয়োজিত হয়। কর্মশালায় কৃষি দপ্তর, কৃষি বিজ্ঞান কেন্দ্র ও বিভিন্ন ফসল বীমা সংস্থার মোট ৪০ জন অংশগ্রহণ করেন।

BJP-Dhalai :

ধলাই জেলা বিজেপি ওবিসি মোর্চার উদ্যোগে গতকাল কমলপুর নজরুল ভবনে আত্মনির্ভর ভারত ও স্বদেশী অঙ্গীকার বিষয়ক আলোচনা সভার আয়োজন করা হয়। ওবিসি কল্যাণ মন্ত্রী সান্তনা চাকমা সভায় উপস্থিত ছিলেন। তিনি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার নেতৃত্বে ওবিসি সম্প্রদায়ের সার্বিক উন্নয়ন, আত্মনির্ভর ভারত ও সুরক্ষার বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন। বিধায়ক মনোজ কান্তি দেব, স্বপ্না দাস পাল, বিজেপি ওবিসি মোর্চার সভানেত্রী মলিনা দেবনাথ প্রমুখ আলোচনায় অংশ নেন।

Football-CM :

গতকাল আগরতলার এক অনুষ্ঠানে ত্রিপুরা ফুটবল এসোসিয়েশনের পক্ষ থেকে নতুন করে ৮০ জনকে আজীবন সদস্যপদ প্রদান করা হয়। আগরতলায় এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা. মানিক সাহা, ত্রীড়ামন্ত্রী টিংকু রায়, আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, টিএফএ'র সভাপতি প্রণব সরকার প্রমুখ। নতুন ৮০ জনকে নিয়ে টিএফএ'তে আজীবন সদস্য সংখ্যা বেড়ে হল ২১০ জন।

Weather:

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। সকালের দিকে হালকা কুয়াশা ছিল। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ২৮ ডিগ্রির কাছাকাছি। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৬.৯ ডিগ্রি সেলসিয়াস।
